الله لا اله الا هو الحى القيوم لا تاخذ سنة ولا نوم له مافى السموات وما فى الارض من ذالذى شفع عنده الا باذنه يعلم ما بين ايديهم- وما خلفهم ولايحيطون بشئ من علمه الابما شاء وسع كرسيه السموات والارض ولايئوده حفظهما وهو العلى العظيم -

বাড়ী ঘর হইতে জ্বীন দূর করার তদবীর

যদি কোন বাড়ী ঘরে জ্বীনের উৎপাত দেখা যায়, তবে এই তদবীর করিবে, আল্লাহর রহমতে জ্বীন ভাগিয়া যাইবে, কখনও আর আসিবেনা। এক ঘটি পানি নিয়া উহাতে একবার দুরুদ শরীফ; দুইবার সূরা ফাতিহা; তিনবার আয়াতুল কুরছী; এবং সূরায় জ্বীনের প্রথম পাঁচ আয়াত পাঠ করিয়া প্রতিবারে দম করিবে। তারপর এই পানি ঘরে এবং বাড়ীতে সর্ব জায়গায় ছিটাইয়া দিবে যাহাতে কোন স্থান বাদ না যায়।

বাড়ী বন্ধ করিবার নিয়ম ও তদবীর

বাড়ী বন্ধ করিবার জন্য চারটি লোহার পেরেক লম্বা দেখিয়া লইবে এবং চারটি শিশি বা বোতল সংগ্রহ করিবে। তারপর তিনবার সূরায় মুজ্জাম্মিল ও তিনবার চেহেলকাফ পাঠ করিয়া প্রতিবারে পেরেক চারটার উপরে দম করিবে এরপর জাফরান ও গোলাপ পানির কালি দ্বারা চারিখন্ড কাগজে চেহেল কাফ ও নিম্নোক্ত দোয়া লিখিবে। তৎপর একটি করিয়া উক্ত লিখিত কাগজ শিশির ভিতরে ভরিয়া উহার মুখ এমনভাবে আটকাইয়া দিবে, যাহাতে উহার ভিতরে পানি ঢুকিয়া কাগজ নষ্ট হইয়া না যায়। পূর্বেই বাড়ীর চার কোনে চারটি গর্ত

Scanned by CamScanner

করিয়া রাখিবে। আর নিম্নোক্ত দোয়া তিনবার পাঠ করিয়া এক বালতি বালুর উপরে দম করিয়া রাখিবে। আযান দিবার জন্য চারজন লোক আর বালু ছিটাইবার জন্য প্রয়োজন মত লোক ঠিক করিয়া রাখিবে। এরপর এশার নামাজের ওয়াক্তে কাজ শুরু করিবে; প্রথমে যে কোনা হইতে শুরু করিবে, সেই কোনায় যাইয়া বিদায় হইবে। আমল শুরু করিবার পূর্বে তিনবার আয়াতুল কুরছি পাঠ করিয়া আমেল নিজে ও সঙ্গীদের শরীরে ফুঁক দিয়া লইবে। যেহেতু জ্বীনের আড্ডা থাকিতে পারে; সেই জন্য পূর্বেই সাবধান হইয়া কাজ শুরু করিবে এবং সকলেরই সাহসের সহিত কাজ করিতে হইবে; ভয় পাইলে বিপদ হইতে পারে। বালু পড়ার দোয়া এই–

اِنَّهُمْ يَكِيْدُوْنَ كَيْدًا وَّ اَكِيْدُ كَيْدًا فَمَهِّلِ الْكَافِرِيْنَ اَمْهِلْهُمْ رُوَيْدًا ۝

এই আমল দুই প্রকারে করা যায়; প্রথম নিয়ম এই যে, চারজন আজান দিবার লোক এক কোনায় গিয়া একত্রে আজান দিতে থাকিবে আর আমেল গর্তের ভিতরে একটি পেরেক পুতিয়া উহার উপরে একটি শিশি রাখিয়া মাটি ভর্তি করিয়া দিবে। এরপর একাধারে অন্যান্য কোনায় আযান দিবে এবং পেরেক ও শিশি রাখিয়া মাটি ভর্ত্তি করিয়া কাজ শেষ করিবে। আর আযান শেষ হইবার মাধ্যে অন্য লোকেরা বাড়ীর সর্বত্র উক্ত বালু ছিটাইয়া দিবে।

দ্বিতীয় প্রকার নিয়ম এই যে, চারি কোনায় চারজন লোকে একই সময় আযান দিবে এবং অন্য লোকে পেরেক ও শিশি গর্তের মধ্যে রাখিবে। আর বালুও আযানের মধ্যে ছিটাইতে হইবে। ভিতরের কাগজের দোয়া এই–

سُبْحَانَ اللّٰهِ وَالْحَمْدُ لِلّٰهِ وَ لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ وَاللّٰهُ اَكْبَرُ ۝

চেহেল কাফ এই–

كَفَاكَ رَبُّكَ كَمْ يَكْفِيْكَ وَاكِفَةً كَفْكَا فُهَا كَكَمِيْنٍ كَانَ مِنْ كَلْكٍ تَكَرُّكَرًّا كَكَرِّ الْكَرِّ فِىْ كَبَدٍ تَحْكِىْ مُشَكْشَكَةً كَلُكْلُكٍ لَّكَكٍ كَفَاكَ مَابِىْ كَفَاكَ الْكَافُ كُرْبَتَهٗ يَاكَوْكَبًا كَانَ يَحْكِىْ كَوْكَبَ الْفَلَكِ ۝

আমেলের শরীর বন্ধ করিবার বিশেষ আমল

সর্ব প্রথমে আয়াতুল কুরছী একবার পাঠ করিবে। তারপর সূরা ফালাক্ব ও সূরা নাছ একবার করিয়া পাঠ করিবে; এরপর নিম্নোক্ত আয়াত একবার পাঠ করিয়া উভয় হাতের উপর ফুঁক দিয়া মাথা হইতে পা পর্যন্ত সর্ব শরীর হাত দ্বারা মুছিয়া ফেলিবে। আল্লাহ্ তায়ালার রহমতে জ্বীন শয়তান তাহার কোনই ক্ষতি করিতে সক্ষম হইবে না।

আমেলকে যদি কোথায়ও রাত্রি যাপন করিতে হয়; এবং সেখানে বিপদের আশংকা থাকে; তবে উপরিউক্ত নিয়মে আয়াতুল কুরছী, সূরায় ফালাক্ব ও নাছ এবং নিম্নোক্ত আয়াত পাঠ করিয়া এক খানা লাঠিতে ফুক দিয়া উহা দ্বারা নিজে থাকিবার স্থানের চুর্তুদিকে একটি রেখা টানিবে। আল্লাহর রহমতে ঐ রেখার ভিতরে কোন জ্বীন ভূত ঢুকিতে পরিবে না। তবে রাত্র শেষ না হওয়া পর্যন্ত ঐ রেখার বাহিরে যাইবে না। যদি বাহিরে যাওয়া হয় তবে সমূহ বিপদের সম্ভাবনা আছে। কেননা তখন ঐ রেখার কোন মূল্য থাকিবে না। আয়াতটি এই–

قُلْ لَّنْ يُّصِيْبَنَا اِلَّا مَا كَتَبَ اللّٰهُ لَنَا ـ هُوَ مَوْلٰنَا وَعَلَى اللّٰهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُوْنَ ۝

জ্বীনের আছর পরীক্ষা করার নিয়ম

জ্বীনে পাইয়াছে বা জ্বীনে আছর করিয়াছে কিনা উহা পরীক্ষা করার নিয়ম এই যে, সর্বাগ্রে রোগীর প্রতি দৃষ্টি রাখিয়া সূরায় জ্বীনের প্রথম পাঁচটি আয়াত পাঠ করিয়া একটি গ্লাসে কিছু পানি নিয়া উহাতে ফুঁক দিবে এবং রোগীর দেহে উহা ছিটাইয়া দিবে। ইহাতে যদি রোগী চিৎকার করিয়া উঠে কিংবা কোন প্রকার বিনয় সূচক শব্দ করে, তবে ইহাতে ধারনা করিবে যে, রোগীকে সত্যিই জ্বীনে পাইয়াছে। তারপর জ্বীন ছাড়াইবার জন্য একাধারে জ্বীন ছাড়িয়া না যাওয়া পর্যন্ত তদবীর করিতে থাকিবে।

জ্বীনের পরীক্ষিত তদবীর

প্রথমে রোগীকে নিম্নের দোয়াটি শুনাইয়া জোরে জোরে তিনবার পড়িবে আর কিছু পানিতে ফুঁক দিয়া তাহাকে পান করাইবে, ইহাতে যদি জ্বীন চলিয়া যায় তো ভাল; নতুবা পুনরায় এই দোয়া তিন বার পাঠ করিয়া প্রতিবারে কিছু পনিতে দম করিয়া রোগীর নাকে মুখে ও শরীরে ছিটাইয়া দিবে। ইহাতে যদি জ্বীন চলিয়া না যায় তবে নিম্নের দোয়াটি এক টুকরা সাদা কাপড়ে লিখিয়া সলিতা বানাইয়া আগুনে জ্বালাইয়া রোগীর নাকে মুখে ধোঁয়া দিবে। ইহাতে আল্লাহর রহমতে জ্বীন চলিয়া যাইবে। তার পর সূরায় জ্বীনের প্রথম পাঁচ আয়াত লিখিয়া কবজ বানাইয়া রোগীর গলায় কিংবা হাতে বাধিয়া দিবে। এই তাবিজ কমের পক্ষে একচল্লিশ দিন সঙ্গে রাখিবে; তবে তাবিজ নষ্ট না হওয়া পর্যন্ত ব্যবহার করা ভাল।

দোয়াটি এই–

وَعَزَمْتُ عَلَيْكُمْ بِرَبِّ جِبْرَئِيْلَ وَ مِيْكَائِيْلَ وَ اِسْرَافِيْلَ وَعِزْرَائِيْلَ اَمْتَحَنَا الَّذِىْ جَعَلَ الْعَرْشَ ـ عَزَمْتُ عَلَيْكُمْ بِالَّذِىْ اَجَابَ وَاَذْهَبَ لَهٗ

Scanned by CamScanner

عِيْسَى بْنِ مَرْيَمَ وَاَيَّدْنَاهُ بِرُوْحِ الْقُدُسِ . عَزَمْتُ عَلَيْكُمْ بِخَاتَمِ سُلَيْمَانَ ابْنِ دَاؤُدَ عَلَيْهِمَا السَّلَامَ الَّذِىْ سَخَّرَلَهُ الرِّيَاحَ وَالْجِنَّ وَ الشَّيْطَانَ سَرِيْعًا ٥

জ্বীন হাজির করিবার আমল

জ্বীন হাযির করিতে হইলে কোন এক চন্দ্র মাসের প্রথম সপ্তাহে এই কাজ করিবে। আমল করিবার জন্য একটা নির্জন ও নির্দিষ্ট জায়গা ঠিক করিয়া লইবে। নিশিথ রাত্রে ঝামেলাহীন সময় এই আমল করিবে, কেননা লোকের যামেলায় ও শোরগোলে খেয়াল ছুটিয়া যাইতে পারে।

এই আমল শুরু করিবার পূর্বে পাক পবিত্র হইয়া, পরিষ্কার জামা কাপড় পরিধান করিয়া লইবে এবং পশ্চিম মুখী হইয়া বসিবে। ইহার পূর্বে শরীরে আতর ব্যবহার করিবে এবং ঘরের মধ্যে ধূপ ও লোবানের ধোয়া দিয়া স্থানটি সুবাসিত করিয়া লইবে। তারপর একাগ্রমনে নিম্নের দোয়াটি একহাজার একশতবার পাঠ করিবে। দোয়া পাঠ করিবার পূর্বে ও পরে এগার বার করিয়া দুরূদ শরীফ পাঠ করিয়া লইবে। একচল্লিশ দিন পর্যন্ত বিরতিছাড়া এই আমল করিবে। আর এই সময় নিরামিশ খাইবে, মাছ ও গোশত খাইবে না। দোয়াটি এই-

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ . عَزَمْتُ عَلَيْكُمْ يَا مَعْشَرَ الْجِنِّ وَالْاِنْسِ رَبْطًا رَبْطًا مَحْلًا مَحْلًا نَشْرًا نَشْرًا مَحْشَرًا مَحْشَرًا بِحَقِّ سُلَيْمَانَ بْنِ دَاؤُدَ عَلَيْهِمَا السَّلَامُ . حَاضِرْ شُوْحَاضِرْ شُوْحَاضِرْ شُوْ فَيْغَمْبَرَ ابْنِ دَاؤُدَ عَلَيْهِمَا السَّلَامُ

হাজের শাও শব্দটি পড়িবার সময় হাতে তালি দিবে। তারপর দিম্নের নকশাটি সাদা কাপড়ে লিখিয়া সলিতা বানাইয়া সরিষার তৈল লাগাইয়া আগুনে জ্বালাইবে। আমল শুরু করিবার পূর্বে নকশটি লিখিয়া লইবে। নাকশাটি এই-

৭৮৬

৮	১১	১৪	১
১৩	২	৭	১২
৩	১৬	৯	৬
১০	৫	৪	১৫

জানিয়া রাখা দরকার আমল শুরু করিবার প্রথমাবস্থায় জ্বীন আসিতে পারে, তখন কোন রকম ভয় করিবে না। অতি সাহসের সহিত মনোবল ঠিক রাখিয়া আমল চালাইয়া যাইবে। সলিতা পোড়াইবার সময় জ্বীন শয়তান ভিষণ, বিকট

আকার ধারণ করিয়া হাযিরে হইয়া বিকট আওয়াজ ও তর্জন গর্জন করিতে পারে। তখন ভয় পাইয়া আমল বন্ধ করিব না, আমলের কাজ চালাইয়া যাইবে, আমল বন্ধ করিলে জ্বীনে আক্রমণ করিবার আশংকা থাকে। যেহেতু সলিতা জ্বালাইবার সময় জ্বীনের দেহে জ্বালা যন্ত্রনা শুরু হইয়া যায়। অতএব অতি সাহসের সহিত এই আমল করিবে, সাহস ও হিম্মৎ না থাকিলে এই আমল দুর্বল লোকে কখন করিবে না। জ্বীন হাযির হইলে পর তাহার সহিত প্রয়োজনীয় কথাবার্তা বালিবে এবং যখন প্রয়োজন হইবে তখন তাহাকে হাযির করিবে। জ্বীনকে কখনো আটক করিয়া রাখিবে না। তাহার মর্জীমত কাজ করিবে।

জ্বীন হাযির করিয়া কিছু জানিবার তদবীর

চন্দ্রমাসের প্রথম শুক্রবার রাত্রে এশার নামাজের পরে পাক পবিত্র বিছানায় নির্জন স্থানে পশ্চিম মুখী হইয়া প্রথমে এগার বার দরূদ শরীফ পাঠ করিবে। তারপর খালেছ দিলে একচল্লিশবার সূরায় মুজাম্মিল পাঠ করিয়া পুনঃ এগারবার দুরূদ শরীফ পাঠ করিবে। এই আমল বিরতিহীনবভাবে একনাগারে চল্লিশ দিন পর্যন্ত আমল করিবে। আমল শেষ করিয়া সামর্থ অনুযায়ী পাঁচজন অথবা সাতজন গরীবকে আছুদামত খানা খাওয়াইবে। আর ঐ দিন রাত্রে একা এক পবীত্র বিছানায় শয়ন করিবে। সকাল বেলা দেখিবে যে, তাহার জন্য একজন লোক অপেক্ষা করিতেছে। এই লোকটিকেই জ্বীন মনে করিবে এবং তাহার নিকট নিজ মনের বাসনা বলিবে। সে যে সব পরামর্শ দিবে সেই ভাবে চলিবে।

ঐ লোকটি প্রকৃত জ্বীন কিনা, তাহা বুঝিবার জন্য সূরায় জ্বীনের প্রথম পাঁচ আয়াত একটু জোরে শব্দ করিয়া পাঠ করিলে যদি ঐ ব্যক্তি রাগান্বিত হয়, তবে মনে করিবে যে, ঐ ব্যক্তি জ্বীন। ইহাতেও সুবিধা করিতে না পারিলে পূর্বে লিখিত নকশাটি কাগজে লিখিয়া সলিতা বানাইয়া আগুনে জ্বালাইবে। ইহাতে যদি ঐ ব্যক্তিটি অসুবিধা মনে করে তখন বুঝিবে যে, ঐ ব্যক্তিই প্রকৃত জ্বীন। তবে ইহাতে অসুবিধাও হইতে পারে, তাই অনর্থক তাকে কষ্ট না দিয়া অন্যভাবে চিনিয়া লইবে।

জ্বীনের উৎপাত বন্ধ করিবার জন্য জ্বীনের সর্দারকে হাজির করিবার তদবীর

কোন বাড়ীতে কিংবা কোন ঘরে জ্বীনেরা একত্রিত হইয়া ঐ বাড়ী বা ঘরের লোকজনকে কষ্ট দেয় বা কোন প্রকার ক্ষতি করে, তাহা হইলে নিম্নের আয়াতটি নিম্নোল্লিখিত নিয়মে আমল করিয়া জ্বীনের সর্দারকে হাজির করিয়া তাহার কাছে নিজেদের অভিযোগ ও অসুবিধা ব্যক্ত করিবে। এবং তাহার পরামর্শ অনুযায়ী কাজ করিবে।

Scanned by CamScanner

অধিক রাত্রে নির্জন স্থানে নির্দিষ্ট জায়গায় প্রথমতঃ শরীরে খুশবুদার আতর লাগাইয়া ধুপ ও লোবান জ্বালাইয়া স্থানটিকে সুগন্ধময় করিয়া লইবে। প্রথমে আয়াতুল কুরছী পাঠ করিয়া একটি চাকুর উপর দম করিবে। তার পর আয়াতুল কুরছি পাঠ করা অবস্থায় উক্ত চাকু দ্বারা নিজে বসিবার স্থানের চতুর্দিকে একটি গোলাকার রেখা টানিবে, আর এইখানে বসিয়াই আমল করিবে। এই বইতে পূর্বে উল্লেখিত নিয়মে নিজের শরীর বন্ধক দিয়া লইবে। তারপর পশ্চিম মুখী হইয়া এগারবার দুরূদ শরীফ পাঠ করিয়া নিম্নের আয়াতটি একবার পাঠ করিবে এরপর পুনঃ এগারবার দুরূদ শরীফ পাঠ করিবে। এইভাবে একুশদিন পর্যন্ত আমল করিবে। আল্লহর রহমতে এরই মধ্যে জ্বীনের সর্দার আসিয়া হাযির হইবে। তখন তাহার কাছে নিজের বাসনা ও অভিযোগ বলিবে এবং সঙ্গে সঙ্গে উহার প্রতিকার হইবে। আর উহার পরামর্শ মত কাজ করিবে। আয়াতটি এই–

يَا اَيُّهَا الْمَلَاءُ اِنِّىْ اُلْقِىَ كِتَابٌ كَرِيْمٌ . اِنَّهُ مِنْ سُلَيْمَانَ وَاِنَّهُ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ٥

জ্বীন দূর করিবার আশ্চর্য তদবীর

যদি কোন মানুষের প্রতি জ্বীনে আছর করিয়া থাকে বা কোন গৃহে যাতায়াত করিয়া ক্ষতি সাধন করে, তবে নিম্নোক্ত তাবিজটি জাফরানের কালি দিয়া কাগজে লিখিয়া কবজ বানাইয়া রোগীর গলায় বাঁধিয়া দিবে। আর যেই ঘরে জ্বীন যাতায়াত করে সেই ঘরের সম্মুখের ও পিছনের দরজার উপরে চৌকাঠে এই তাবিজ কাগজে লিখিয়া লটকাইয়া দিবে। তাহা হইলে আল্লাহর রহমতে জ্বীনের উৎপাত বন্ধ হইয়া যাইবে।

بسم الله الرحمن الرحيم - ما شاء الله كان و ما لم يشاء لم يكن
ولاحول ولاقوة الا بالله العلى العظيم - فالله خير حافظا وهو ارحم
الرحمين . يا بدوح ياحى يا قيوم - لى خمسة اطفى بها حر الوباء
الحاطمة - المصطفى المرتضى وابنا هما والفاطمة.

জ্বীন ভূত তাড়াইবার অত্যাশ্চার্য তদবীর

নিম্নোক্ত নকশাটি এক টুকরা সাদা কাগজে লিখিবে। আর ঐ কাপড় দ্বারা সলিতা বানাইয়া উহাতে সরিসার তৈল মিশাইয়া আগুনে জ্বালাইবে এবং উহার ধোঁয়া জ্বীন প্রস্ত রোগীর নাকে মুখে দিবে। ইহাতে জ্বীন অস্থির হইয়া চেচামেচি

শুরু করিয়া দিবে কিন্তু তাহার চেচামেচি ও চিৎকারে ধোঁয়া দেওয়া বন্ধ করিবে না। এরপর যখন জ্বীন কাতর হইয়া অনুরোধ করিয়া চলিয়া যাইবে, তখন আর ধোঁয়া দিবে না। তবে এর পর রোগীর সঙ্গে পূর্বে লিখিত যে কোন একটি জ্বীনের তাবিজ বাঁধিয়া দিবে। নকশা এই–

٧٨٦

		نمرود	لعين	ابليس		
	لعين	لاون	لعين	لعين	شداد	
	نمدود	عاد	نصر		بخت	
	لعين	لعين	لعين	لعبن	نصر	فرعون
ما فى	انت					ضحاك
قلوبهم	تعلم	مليقا	عليقا	لعين ٩	هامان	لعين
احضروا	لعين	شيطان	اجمعين	كلهم	شياطين	خلق
	فهم	اخضروا		احصروا		احضروا
پرى	كروم	پرى		ديو	خاك	جن
	خاكستر	سوختم	بهوت	ديو		
			كردم			

লোকমানী চিকিৎসা

যৌন রোগের চিকিৎসা

পুরুষাঙ্গ শক্ত ও মোটা হইবার ঔষধ

একটি মোরগের দুইটি বিচি শিলে পিসিয়া খাটি সরিষার তৈলের সহিত মিশাইয়া সাতদিন পর্যন্ত কিছু সময় লিঙ্গ ঐ তেলের ভিতর ভিজাইয়া রাখিলে, লিঙ্গ মোটাতাজা হইবে। ইহা ভিন্ন শুকনা একটি নাড়িকেলের মধ্যে একটি বড় জোঁক ঢুকাইয়া মুখ বন্ধ করিয়া রাখিবে। যখন নাড়িকেলের পানি সম্পূর্ণ শুকাইয়া যাইবে, জোকটি তখন বাহির করিয়া পিষিয়া কয়েকদিন লিঙ্গে মালিশ করিবে। পুরুষাঙ্গ সবল ও লোহার ডাণ্ডার মত শক্ত হইবে।

Scanned by CamScanner

লিঙ্গ মোটাতাজা করিবার উপায়

বাটা আমা হলুদ একটুকরা কাপড়ে মাখিয়া ছায়ায় উহা শুকাইয়া নিবে। তারপর উহা মহিষের ঘিতে অল্প আগুনের জ্বালে ভুনিয়া নিবে। ইহার পরে কপড় টুকরা মধু দ্বারা ভিজাইয়া উহার উপর এক রতি হিং গুড়াকরত ছিটাইয়া দিয়া তিন দিন পরুসাঙ্গে পট্টি লাগাইবে। (তিন দিনেই মধুতে ভিজাইয়া হিং ছিটাইতে হইবে।) ইহাতে লিঙ্গ অত্যাধিক শক্ত হইবে।

যৌন শক্তি বৃদ্ধির মহৌষধ

ফটকীলতা, আকরকড়া, কেওড়া বিচি, জাফরান ও লবঙ্গ প্রত্যেকটি সাড়ে তিন মাশা করিয়া, স্পন্দ, দেড় মাশা সাদা পোস্তাদানা আঠার মাশা, তিল চৌদ্দ মাশা, মুরগীর ডিমের কুসুম পাঁচটি। আর ইহার সমষ্টির চারগুণ মধু ও মিশ্রি। সমস্ত ঔষধ খড়লে পিসিয়া চূর্ণ করতঃ মধু ও মিশ্রির শিরায় মাখিয়া হালুয়া বানাইবে। তারপর এক রতি করিয়া প্রতি রাত্রে খাইবে।

সঙ্গম শক্তি বৃদ্ধির ঔষধ

চড়ই পাখির গোস্ত ভুনিয়া খাইবে এবং উহার মগজ লিঙ্গে মালিশ করিবে। উহাতে অসম্ভব রকমের শাক্তি বৃদ্ধি হইবে, প্রতি রাত্রে ২/৩ বার স্ত্রী সহবাস করিলেও শরীর বা লিঙ্গ দুর্বল হইবে না।

সঙ্গম শক্তির আশ্চর্য ঔষধ

পিপুল ও সিন্দুক লবন গুড়া করিয়া ভেড়ার দুধ ও গাওয়া ঘিতে মিলাইয়া একুশদিন রাত্রে সেবন করিবে। কিন্তু উক্ত সময়ে স্ত্রী সহবাস করিবে না। ইহাতে শরীরের শক্তি বৃদ্ধি হইবে, লিঙ্গ মোটা ও শক্ত হইবে।

বীর্য গাড় করিবার আশ্চর্য হালুয়া

ছাগলের এক সের দুধের সহিত উছাবগোলের আদাসের গুড়া আর মিশ্রি আধাপোয়া মিলাইয়া আগুনে জ্বাল দিয়া হালুয়া করিবে। ইহা এক মাস সেবন করিবে। ইহাতে বীর্য অতি গাড় হইবে।

পুরুষত্ব হীনতার মহৌষধ

জামের বিচির শাঁস অথবা সিমুলের শিকড় গুড়া করিয়া চিনিসহ একপোয়া দুধের সহিত মিলাইয়া. দৈনিক একমাস সকাল বেলা সেবন করিলে, ধাতু দৌবল্য সম্পূর্ণ কমিয়া যাইবে। এবং সহবাস শক্তি অতিমাত্রায় বৃদ্ধি পাইবে।

শুক্র গাড় হইবার ঔষধ

আমলকি একশত গ্রাম ও কালতিল একশত গ্রাম রৌদ্রে শুকাইয়া গুড়া করিয়া চালনি দ্বারা ছাকিয়া লইবে। প্রত্যহ রাত্রে নিদ্রা যাইবার পূর্বে চা চামচের এক চামচ গুড়া মুখে দিয়া এক গ্লাস পানির সহিত সেবন করিবে। এক মাস এইভাবে সেবন করিলে শক্র গাড় হইবে।

যৌন শক্তির দাওয়াই

যাহাদের যৌন শক্তি কমিয়া গিয়োছে, তাহারা নিয়মিতভাবে প্রত্যহ এক গ্লাস করিয়া ছাগলের দুধ পান করিবে। ইহাতে যৌন শক্তি বৃদ্ধি হয়।

যৌন শক্তি বৃদ্ধির দাওয়াই

আকর কড়া দশ গ্রাম, শালগমের দানা দশ গ্রাম। গাত্তবাবুনা, পিপুল, সাদা গোলমরিচ, হাববাতুল খাজরা প্রত্যেকটি পাঁচ গ্রাম করিয়া, রাই সারিসা পাঁচ গ্রাম ছিয়া জিরা পাঁচ গ্রাম, নারিকেলের শাস দশ গ্রাম। উক্ত দ্রব্য সমূহ চূর্ণ করিয়া লইবে। তার পর ঔষধের তিনগুন মধুর সহিত মিশ্রিত করিয়া হালুয়া তৈরী করিবে। দৈনিক দশ গ্রাম করিয়া সেবন করিবে।

পুরুষাঙ্গের একটি আশ্চর্য মালিশ

আকড়কড়া, ধুতরার বিচি, দারচিনি, যুন্দেবেদস্তর, মিঠা তিলিয়া চূর্ণ, মোমিয়ারী, পরিষ্কার কেঁচো এবং মেশক, প্রত্যেকটি সমপরিমান সংগ্রহ করিয়া শিলে পিসিয়া লইবে। প্রয়োজন মত পানি লইবে। তারপর চামেলীর তৈলে মিশাইয়া মলম তৈরী করিয়া প্রত্যহ লিঙ্গে মালিস করিবে এবং তলপেট ও কুচকিতেও মালিশ করিবে। ইহা এক সপ্তাহ বা দুই সপ্তাহ ব্যবহার করিবে। আশ্চর্য রকম ফল পাইবে।

যৌন দুর্বলতার একটি পরিক্ষিত মহৌষধ

সুঠ চূর্ণ ৫০০ গ্রাম, শ্বেত করবী মূল (শিকর) ও কালনিম এক চামচ করিয়া ৯ কিলোগ্রাম (সের) দুধের সহিত আগুনে জ্বাল দিবে। যখন উহা সিদ্ধ হইয়া যাইবে, তখন উহা নামাইয়া দধি বানাইয়া নিবে, এবং ঘৃত বানাইয়া লইবে। তারপর পানের সহিত একরতি পরিমাণ সেবন করিবে। আর এক মাশা আন্দাজে লিঙ্গে মালিশ করিবে। ইহাতে অত্যাধিক পরিমানে যৌনশক্তি বৃদ্ধি পাইবে এবং লিঙ্গ মোটা ও স্বতেজ হইবে।

স্ত্রী সহবাসে সক্ষম হইবার ঔষধ

প্রত্যহ রাত্রে পাঁচ গ্রাম পিয়াজ কুচা করিয়া কাটিয়া মধুতে ভিজাইয়া রাখিবে

Scanned by CamScanner

এবং সকালবেলা উহা সেবন করিবে। এই প্রকারে সাত দিন সেবন করিলে, পূর্ণ মাত্রায় স্ত্রী সহবাসে সক্ষম হইবে।

পুরুষাঙ্গ লম্বা হওয়ার ঔষধ

পাঁচ গ্রাম ইন্দ্রযব ভাল করিয়া পিসিয়া সামান্য গাভীর দুধে সিদ্ধ করিয়া মলম বানাইবে। ইহা মলমের মত লিঙ্গে লাগাইতে হইবে। মলম ব্যবহারের পূর্বে গরম পানি দ্বারা লিঙ্গকে উত্তম রূপে ধৌত করিয়া লইবে। ইহাতে আশ্চর্য রকম ফল পাইবে।

দেরীতে বীর্য পাতের ঔষধ

হিংগুল আর তুলার কস ও আফিম চার মাসা করিয়া লইয়া এক মাসা সোহাগার সহিত পিশিয়া পেপের দানার মত বড়ি বানাইয়া লইবে। তারপর স্ত্রী সহবাসের পূর্বে একটি করিয়া বড়ি সেবন করিবে। ইহাতে অনেক সময় সহবাস করিতে সক্ষম হইবে ও দেরীতে বীর্যপাত হইবে।

হস্ত মৈথুন কারীর জন্য একটি মহৌষধ

দুইটি হলুদ রং এর পাকা বেগুনের ভিতরে ৬০টি পিপুল ভরিয়া রৌদ্রে টাঙ্গাইয়া রাখিবে। বেগুন শাকাইয়া গেলে ইহা ৫০০ গ্রাম তিল অথবা নারিকেল তেলে মিশাইয়া আগুনে জ্বাল দিবে যখন তৈল ফুটিতে থাকিবে, তখন উহাতে ২০ গ্রাম শুকনা কেঁচো ঢালিয়া দিবে। কেঁচো জলিয়া গেলে উহার ভিতরে ২৫ গ্রাম ছিলানো রসুনের কোষ ঢালিয়া দিবে। তারপর চুলা হইতে নামাইয়া খড়লে পিসিয়া বোতলের ভিতরে রাখিয়া দিবে। প্রত্যহ এক মাশা আন্দাজ ঔষধ লিঙ্গে মালিশ করিয়া বট পাতা দ্বারা লিঙ্গ বাঁধিয়া রাখিবে। ইহাতে কিছু দিনের ভিতরে হারানো যৌবন ফিরিয়া পাইবে। তবে বদ অভ্যাস ছরিতে হইবে।

দুর্বল লিঙ্গের একটি মহৌষধ

উটকাট্টার গাছ শিকর ও পাতাসহ ছাগলের দুধে ভিজাইয়া রাখিয়া পাতন যন্ত্রের দ্বারা তৈল বাহির করিয়া লিঙ্গে মালিশ করিতে থাকিবে। কিছুদিন এই প্রকারে মালিশ করিলে লিঙ্গ মোটা তাজা ও শক্তিশালী হইবে।

অতিরিক্ত যৌন শক্তি কমাইবার ঔষধ

পিপুল ও গন্ধক সমপরিমাণ নিয়া গুরা করিয়া খাটি মধুর সহিত মিলাইয়া মলম তৈরী করিবে। তারপর উক্ত মলম পুংলিঙ্গে মালিশ করিবে। এক ঘন্টা পর গরম পানি দ্বারা লিঙ্গ ধুইয়া ফেলিবে। ইহাতে অত্যন্ত কামুকের যৌন শক্তি লাঘব হইবে।

দ্রুত বীর্য পাতের মহৌষধ বা হালুয়া

হরতকী, বয়রা, আমলকী, (বিচি ছাড়া) খুরমা, ছালে মিশ্রি, মেন্দা কাঠ, গক্ষুর কাটা, কাল মুসলী, শ্বেত মুসলী, আলকুসী দানা, জটামাংশী, শুকনা পানি ফল, পদ্মদানার শাঁস, তেতুল দানার শাঁষ, মিষ্টি ইন্দ্রযব, প্রত্যেকটি ৭ মাশা করিয়া এবং ডালিম ফুল, ভাংবিচি, জীরা, আইজান খোড়াসানী, তোখমে মোরেদ, বংশীলোচন, ধনিয়া, বটপাতার মুইন, রুমী মোস্তাগী, সিতা সুপারী, বিজবন্দ, ডাটার বিচি, লোধ, ভূনা স্পন্দ প্রত্যেকটি সারে তিন মাশা করিয়া এবং সমন্দর সুক, ভুনা তালমাখানা অশ্বগন্ধা, তজ, নাগর মোথা, চানিয়া গোন্দ, ধাইফুল, তুলার বস, শতমূল, কেওড়া বিচি, বাবলা ফুল, প্রত্যেকটি এক মাশা করিয়া।

উপরোক্ত সকল ঔষধ হামল দিস্তায় গুড়া করিয়া চালন দ্বারা ছাকিয়া ঔষধের তিনগুণ মিশ্রির শিরায় মিলাইয়া হালুয়া তৈয়ার করিবে। তারপর এক তোলা আন্দাজ, দৈনিক সেবন করিবে। ইহা নিয়মিত সেবনে হারানো যৌবন ফিরিয়া পাইবে, দেরীতে বীর্যপাত হইবে, স্ত্রী সহবাসে আনন্দ পাইবে। লিঙ্গ মোটাতাজা ও লোহার ডাণ্ডার মত শক্ত হইবে।

দেরীতে বীর্যপাতের আশ্চর্য মহৌষধ

ধুতুরার বিচি, চকুন্দা বিচি, হেলচি বিচি (বাবচি) ভেরেন্ডা বিচির শীষ একত্রে সমপরিমাণ নিয়া, ছাগলের দুগ্ধ দ্বারা পিশিয়া দুই মাশা আন্দাজ বড়ি বানাইবে। সহবাসের দুই ঘন্টা পূর্বে একটি করিয়া বড়ি এক গ্লাস গাভীর দুধসহ সেবন করিবে। এই নিয়মে স্ত্রী সহবাস করিলে- টক জাতীয় কোন বস্তু না খাওয়া পর্যন্ত বীর্য বাহির হইবে না। তবে বেশী চালাকী না করিয়া স্ত্রীর ধৈর্যের সীমার ভিতরে যে কোন টক খাইবে। নতুবা হীতে বিপরীত ফল হইতে পারে।

প্রমেহ রোগের উত্তম ঔষধ

তাল মাখানা এক তোলা, গালা ছয় মাশা এবং চানিয়া গোন্দ নয় মাশা একত্রে গুড়া করিয়া মধুর সহিত মিলাইয়া মটর ডালের আন্দাজ বড়ি বানাইবে। তারপর সকাল-বিকাল একটি করিয়া বড়ি সেবন করিবে। ইহাতে প্রমেহ রোগ আরোগ্য হইবে।

মেহ রোগের আশ্চার্য মহৌষধ

গক্ষুর কাটা পাঁচ মাশা, আউস চাউল, পানিফল ও পদ্মবিচির তিন মাশা করিয়া তালমাখানা দুই মাশা, সমন্দর সুক, মোচরস, বিজবন্দ, শীরমালা প্রত্যেকটি তিন মাশা করিয়া। সমস্ত ঔষধ একত্রে গুড়া করিয়া উহার

Scanned by CamScanner

সমপরিমাণ চিনির সহিত মিলাইয়া হালুয়ার মত বানাইবে। আর প্রত্যহ এক তোলা আন্দাজ সেবন করিবে। ইহাতে যে কোন মেহ রোগ আরোগ্য হইবে।

সিপলিস রোগের ঔষধ

চৌদ্দ মাশা কাঁচা তুলসীপাতা, এবং তুতিয়া সাড়ে তিন মাশা একত্রে পিশিয়া বড় টর ডালের মত বড়ি বানাইয়া প্রত্যহ সকালে একটি বড়ি পানিসহ সেবন করিবে। ইহাতে সিপলিস রোগ আরোগ্য হইবে।

সিপলিস রোগের আশ্চার্য ঔষধ

কলমী শোড়া এক তোলা, বসকাপুর এক তোলা এবং লবঙ্গ পঞ্চাশটা নিয়া গুড়া করিয়া পানের রসে মিলাইয়া বড় মটর ডালের মত বড়ি বানাইবে। সাত দিন অন্তর একটি করিয়া বড়ি দুধের মালাইয়ের সহিত লেপটাইয়া সেবন করিবে। ইহাতে যদি মুখে ঘা হয় তবে চামেলীর পাতা পানিতে দিয়া গরম করিয়া উক্ত পানি দিয়া গড়গড়ার সহিত কুলী করিবে। কিছুদিনের ভিতরে সিপলিস রোগ আরোগ্য হইবে।

মেয়েলোকের যৌনাঙ্গ প্রসস্তের ঔষধ

যদি কোন মেয়েলোকের যৌনাঙ্গ প্রসস্ত হইয়া যায়, আর ইহাতে স্বামী সহবাসে তৃপ্তি না পায়। তাহা হইলে মুরগীর হাড্ডি জ্বালাইয়া ভাল করিয়া পিসিয়া নারগিসের পাতা ও আংগুর পাতার রসের সহিত মিলাইবে। তারপর পাতলা কাপড় টুকরায় উহা লাগাইয়া যোনীর ভিতর ব্যবহার করিবে। ইহাতে কুমারী নারীর মত যৌবন ফিরিয়া পাইবে।

সন্তানহীনা নারীর সন্তান হওয়ার চিকিৎসা

যে সকল নারীদের সন্তান হয় না বা গর্ভ ধারণ করে না। তাহারা মেথীর তৈল পাতলা কাপড়ে মাখিয়া উক্ত কাপড় টুকরা যৌনীর ভিতরে কয়েকদিন ব্যবহার করিবে। আর রাত্রে স্বামী সহবাস করিবে। তাহাদের গর্ভে সন্তান জন্ম হইবে। আর যদি ইহাদেরকে ঘোড়ার দুধ পান করানো হয় এবং ইহার পর যদি স্বামী সহবাস করে তবে তাহারা গর্ভ ধারণ করিবে।

টোটকা চিকিৎসা

ইনফ্লুয়েঞ্জা জ্বরের চিকিৎসা

টক তেতুল ও ইক্ষু গুড় পানিতে গুলিয়া রোগীকে পান করাইলে জ্বর ভাল হইবে। আর জয়ন্তী মূল হাতে বাঁধিয়া দিলেও জ্বর ছাড়িয়া যাইবে।

ম্যালেরিয়া জ্বরের চিকিৎসা প্রত্যহ এক সপ্তাহ পর্যন্ত সকাল-বিকাল তুলসী তার রস চা- চামচের দুই চামচ করিয়া সেবন করিলে, ম্যালেরিয়া জ্বর ড়িয়া যাইবে।

ম্যালেরিয়া জ্বরের চিকিৎসা

প্রত্যহ এক সাপ্তাহ পর্যন্ত সকাল-বিকাল তুলসী পাতার রস চা-চামচের দুই চামচ করিয়া সেবন করিলে, ম্যালেরিয়া জ্বর ছাড়িয়া যাইবে।

মেহ জনিত জ্বরের চিকিৎসা

সেফালী পাতার রস চা- চামচের দুই চামচ করিয়া সকাল বেলা এক সপ্তাহ পান করিলে আরোগ্য হয়। ইহা ছাড়া তুলসী পাতার রসের সহিত গোল মরিচ পিষিয়া এক সপ্তাহ সকালে সেবন করিলেও জ্বর ছাড়িয়া যাইবে। ইহাতে যে কোন পুরাতন জ্বর আরোগ্য হয়।

প্লীহা জ্বর ও পুরাতন জ্বরের চিকিৎসা

বেলপাতার রস, কালমেঘের রস ও পিপুল চূর্ণের সহিত কিছু খাটি মধু মিলাইয়া এক সপ্তাহ পর্যন্ত সেবন করিলে প্লীহা জ্বর ও যে কোন পুরাতন জ্বর ছাড়িয়া যায়।

পিত্ত জ্বরের চিকিৎসা

শ্বেত পাপড়ির পাতা জ্বাল দিয়া উহার কাথ বা পাঁচন ৪/৫ দিন পর্যন্ত সেবন করিলে জ্বর ছাড়িয়া যায়।

সর্দি জ্বরের চিকিৎসা

ভাতের মাড়ের সহিত হলুদ বাটিয়া মিলাইয়া ৩/৪ দিন খাইলে সর্দি জ্বর ও ইহার ব্যথ্য- বেদনা আরোগ্য হয়। ইহা ছাড়া পানির সহিত কিছু ইক্ষু গুর ও টক তেতুল গুলিয়া উক্ত পানি দৈনিক সকালে ও বিকালে এক গ্লাস এক সপ্তাহ সেবন করিলে সর্দি জ্বর আরোগ্য হয়।

গাতা জ্বর বা পালা জ্বরের চিকিৎসা

রবিবার দিবসে আপং গাছের শিকড় নিয়া সুতায় জ্বর গ্রস্থ রোগীর শরীরে বাঁধিয়া দিলে গাতা জ্বর বা পালা জ্বর ছাড়িয়া যায়।

নিসিন্দা পাতা ও আপাং পাতা নিয়া ছেচিয়া নেকড়া দ্বারা পুটুলী বাধিয়া উহার ঘ্রাণ নাকে টানিলে পালাজ্বর বা গাতা জ্বর ভাল হয়। ইহা ছাড়া বকফুলের পাতা কিংবা শ্বেত অপরাজিতা পাতা নেকড়ায় জড়াইয়া উহার ঘ্রাণ বারবার

Scanned by CamScanner

নাকে টানিলে জ্বর উঠা বন্ধ হয়।

জ্বরে কপাল ও মাথা ব্যথার চিকিৎসা

দারুচিনি পানিতে ভিজাইয়া উহা পিসিয়া মাখনের সহিত মিলাইয়া মলম তৈরী করিবে। কয়েকবার উক্ত মলম কপালে লাগাইলে মাথা কামড়ানী ও কপালের ব্যথা আরোগ্য হইবে। ইহা ছাড়া নেকড়া ভিজাইয়া কপালে পট্টি দিলেও ব্যথা ও কামড়ানি উপশম হয়।

জ্বরে গাত্র দাহের চিকিৎসা

জ্বরের কারণে শরীরে জ্বালা পোড়া বা দাহ হইলে সন্ধ্যার সময় কিছু ধনিয়া পানির সহিত ভিজাইয়া রাখিবে। পরদিন সকালে উক্ত পানিতে কিছু মিশ্রি মিলাইয়া সেবন করিলে গাত্রদাহ ও জ্বালা পোড়া বন্ধ হইয়া যায়।

অম্ল ও পিত্ত রোগের চিকিৎসা

নিমের ছাল, চিরতা, বাসক পাতা, ক্ষেত পাঁপড়ি, হরিতকী, বহেরা, আমলকী গুলঞ্চ ও সমরাজের মূল প্রতিটি তিন আনা করিয়া আধা সের পানিতে জ্বাল দিয়া উহা আধা পোয়া আন্দাজ থাকিতে উনুন হইতে নামাইবে। তৎপর উহার সহিত চার আনা আন্দাজ খাঁটি মধু মিলাইয়া সেবন করিবে। ইহাতে অম্লশুল ও পিত্তশুল জনিত ব্যথা আরোগ্য হয়।

পেট ফাঁপার চিকিৎসা

নাড়িকেল তৈল সাবান মিশ্রিত করিয়া মলম তৈরী করিয়া প্রলেপ দিলে পেট ফাঁপা নিরাময় হয়। ইহা ছাড়া পরিস্কার চুনের পানিতে কিছু আদার রস ও কর্পূর মিশ্রিত করিয়া সেবন করিলে সাথে সাথে পেট ফাঁপা কমিয়া যায়।

পেটের পীড়ার চিকিৎসা

কাঁচা বেল নিভান আগুনের মধ্যে পুড়িয়া উহার সহিত ইক্ষু গুর মিলাইয়া কয়েক দিন খাইলে পেটের পীড়া বা আমাশয় নিরাময় হয়।

লিভার বেদনার চিকিৎসা

কাঁচা বেল নিভান আগুনের মধ্যে পুড়িয়া উহার সহিত ইক্ষু গুর মিলাইয়া কয়েক দিন খাইলে পেটের পীড়া বা আমাশয় নিরাময় হয়।

লিভার বেদনার চিকিৎসা

কাঁচা পেপের কস বাতাসার ভিতরে ভরিয়া ৫/৭ দিন খাইলে লিভার

স্বাভাবিক অবস্থায় ফিরিয়া আসিবে এবং বেদনা দূর হইবে। ইহা ছাড়া কাঁচা ও পাকা পেপে খাইলেও লিভারের জন্য উপকার হইবে।

আমাশয় রোগের চিকিৎসা

কিছু ইছাবগোল ও মিশ্রি পানিতে ভিজাইয়া কয়েকদিন সেবন করিলে আমাশয় রোগ ভাল হয়। ইহা ছাড়া থানকুনি পাতার রস ৩/৪ দিন সেবন করিলে আমাশয়ের উপকার হয়। বিচি কলা খাইলেও পেটকে ঠান্ডা করিয়া আমাশয় ভাল হয়।

ক্রিমি রোগের চিকিৎসা

বড় ক্রিমি গুড়া ক্রিমির জন্য দৈনিক সকাল বেলা পরিস্কার চুনের পানি পান করিলে ক্রিমি দমন থাকিবে। এবং ব্যথা দূর হইবে। ইহা ছাড়া সোমরাজের দানা গুড়া করিয়া এক আনা পরিমাণ এক গ্লাস পনিতে মিলাইয়া ৪/৫ দিন পান করিলে ক্রিমি পড়িয়া যায়। আর তেতুল পাতার রস কিংবা উচ্ছেপাতার রস সেবন করিলেও ক্রিমি থাকেনা।

পেট কামড়ীর চিকিৎসা

বেল পাতার রস বাহির করিয়া ইক্ষু গুরের সহিত মিলাইয়া ৫/৭ বার খাইলে পেটকামড়ী ভাল হয়। আমাশয় রোগী দধি খাইলে উপকার হয় আর চিড়ার সহিত ঘোল মিলাইয়া খাইলে বিশেষ উপকার হয়। থানকুনি পাতাল ভাজিয়া খাইলে কিংবা খেশারী ডালের সহিত থানকুনি পাতা বাঁটিয়া বড়া বানাইয়া খাইলে বিশেষ ফল পাওয়া যায়।

রক্তামাশয়ের চিকিৎসা

বটের ঝুড়ি বাঁটিয়া আতপ চাল ধোয়া পানিতে মিশাইয়া খাইলে, রক্তামাশয় ভাল হয়। আর তুলসী পাতার রস ও আদার রস বাহির করিয়া একত্রে মিশ্রিত করিয়া ৪/৫ দিন সেবন করিলে সাথে সাথে উপকার হয়।

খোস পাচড়ার চিকিৎসা

কিছু পরিমাণ চুনের পানির সহিত উহার চারগুণ নাড়িকেল, তৈলে কিছু কর্পুর মিলাইয়া মলম তৈরী করিবে। কয়েকদিন ইহা খোস পাচড়ায় প্রলেপ দিলে আরোগ্য লাভ হইবে। ইহা ছাড়া দুই রতি পরিমাণ গন্ধক গুড়া সাত দিন পর্যন্ত খাইলে খোসপাচড়া ভাল হয়।

ঘামাচির চিকিৎসা

Scanned by CamScanner

অতিরিক্ত ঘামাচির রোগী সামান্য বৃষ্টিতে ভিজিলে ঘামাচি কমিয়া যায়। আর শ্বেত চন্দন ঘসিয়া লাগাইলেও ঘামাচি কমিয়া যায়।

চুলকানির চিকিৎসা

তুলসীপাতা ও দূর্বা ঘাস একত্রে পিসিয়া সমস্ত শরীরে মালিশ করিলে চুলকানি বন্ধ হইয়া যায়।

ফোঁড়ার চিকিৎসা

চুলার মাটি পানির সহিত গুলিয়া উহার মধ্যে তেঁতুল ও নেমক মিশ্রিত করিয়া মলম বানাইয়া ফোঁড়ায় প্রলেপ দিলে ফোঁড়া পাকিয়া যায়। অথবা ভিজা নেকড়ায় মাঝখানে একটু ছিদ্র রাখিতে হয়। আর কবুতরের মর গরম করিয়া নারিকেল তৈল মিশাইয়া ফোঁড়ার উপর প্রলেপ দিলে ফোঁড়া ফাটিয়া যায়।

বাবলা পাতা অথবা নিমপাতা ঘৃতে ভাজিয়া পিশিয়া ঘৃতের সহিত মাখিয়া মলম তৈরী করিয়া ফোঁড়ায় প্রলেপ দিলে ফোঁড়ার পুঁজ বাহির হইয়া যায় এবং ধীরে ধীরে ঘা ভাল হইয়া যায়।

বিষ ফোঁড়ার চিকিৎসা

গোল মরিচ অথবা হরিতকী সামান্য পানিতে ঘসিয়া উহা বিষ ফোড়ায় প্রলেপ দিলে শিঘ্র আরোগ্য হয়।

লুতি বা হামের চিকিৎসা

হাম বা লুতি উঠিলে, কলমী শাক অথবা তুলসী পাতার ঝোল তৈরী করিয়া রোগীকে সেবন করাইলে রোগ আরোগ্য হয়।

ক্ষত রোগের চিকিৎসা

খাটি দুধের সহিত করবী মূলের রস জ্বাল দিয়া দধি তৈরী করিয়া উহার ননী তুলিয়া যে কোন ক্ষতে লাগাইলে ক্ষত ভাল হইয়া যায়।

কর্ণ রোগের চিকিৎসা

আদার রস সামান্য গরম করিয়া কর্ণে দিলে কর্ণের রোগ ভাল হয়। ইহা ছাড়া রসুনের রস অল্প গরম করিয়া কর্ণের ভিতরে দিলে কর্ণ রোগ আরোগ্য হয়। কিংবা কিছু ফিটকারী ও আফিং পাতি লেবুর রসের সাহিত মিলাইয়া মলম তৈরী করিয়া মোরগের পগার দ্বারা কর্ণের ভিতরে ৪/৫ দিন লাগাইলে কান পাকা ভাল হয়।

চোখের চিকিৎসা

করবীর কচি পাতার রস বাহির করিয়া চোখে লাগাইলে চোখের দৃষ্টি শক্তি বেশী হয় ও চোখ পরিস্কার হয় বট পাতার তাজা কস চোখে দিলে রোগ ভাল হয়। মেয়েলোকের স্তনের দুধ চোখে লাগাইলে চোখের জ্বালা পোড়া, ব্যথা বেদনা ভাল হয়।

নাসিকা রোগের চিকিৎসা

খাঁটি সরিষার তৈল নাকের ভিতরে দিলে বা টানিলে নাক পরিস্কার হইবে এবং রক্তপড়া বন্ধ হইবে।

দন্ত রোগের চিকিৎসা

পানিতে ফিটকারী মিলাইয়া গরম করিয়া কুলী করিলে দাঁতের পোকা মরিয়া যায়। নেমক ও সরিষার তৈল মিলাইয়া দাঁত মাজন করিলে দাতের ব্যথা দূর হয়। আর হিং গরম করিয়া দাঁতে লাগাইলে পোকা মরিয়া যায়। তুতিয়া পুড়িয়া গুড়া করিয়া দাঁতে লাগাইলে গোড়ালী শক্ত হয়। আমের পাতা অথবা নিমের ডাল দিয়া দাঁত মাজিলে দাঁতের ব্যাথ্যা কমিয়া যায়।

আমলকি, বয়রা, হরিতকী, নিমপাতা ও পলতার কাঁথ দিয়া দাতের মাড়ি ধুইলে দাঁতের পুঁজ পড়া বন্ধ ও ঘা শুকাইয়া যায়।

ঘাড় ও কোমর বেদনার চিকিৎসা

যে কোন বাত রোগের কারণে ঘাড়ে বা কোমরে বেদনা হইলে খাঁটি সরিষার তৈলের সহিত কর্পুর মিশ্রিত করিয়া মলম তৈরী করিয়া ব্যথ্যা স্থানে মালিশ করিলে ব্যথ্যা উপশম হইবে। আর অতি পুরাতন ঘি দ্বারা মালিশ করিলেও ব্যথ্য কমিয়া যায়।

জিহ্বার ঘায়ের চিকিৎসা

সোহাগার খৈ বানাইয়া খাঁটি মধুতে মিশ্রিত করিয়া মলম বানাইয়া কয়েকদিন জিহবায় দৈনিক ৪/৫ বার লাগাইলে জিহবার ঘা ভাল হয়। অথবা সকাল বেলা শিশিরের পানি লাগাইলে কিংবা গরম দুধ খাইলে জিহবার ঘা আরোগ্য হয়।

বিভিন্ন রোগের চিকিৎসা

সিকি তোলা সোমরাজ কিছু নেমকসহ শীতল পানিসহ এক মাস কিংবা দুইমাস নিয়মিত সকালে সেবন করিলে কুষ্ঠ রোগ ভাল হয়।

Scanned by CamScanner

পোড়া ঘায়ের চিকিৎসা

খাঁটি ঘি ২৫০ গ্রাম, হলুদ পিশা ১০ গ্রাম, পিয়াজ পিশা ৫ গ্রাম, ময়দা পাঁচ গ্রাম, সর্বাগ্রে উনুনে ডেগচিতে ঘৃত বসাইবে, ঘৃতে ফেনা বসিয়া গেলে উহাতে হলুদ, পিয়াজ ও ময়দা ঢালিয়া দিবে। যখন ইহা ফুটিতে থাকিবে, তখন ডেগছি নামাইয়া ফেলিতে হইবে। এবং ঠাণ্ডা হওয়ার পরে মলম তৈরী করিয়া কৌটায় ভরিয়া রাখুন। এবং প্রত্যহ ৩/৪ বার পোড়া ঘায়ে লাগাইতে হইবে। ৫/৭ দিন ঔষধ লাগাইলে পোড়া গা ভাল হইয়া যাইবে।

দাদের চিকিৎসা

১০ গ্রাম সোহাগার খৈ, ৫ গ্রাম গন্ধক, ৩ গ্রাম তুতিয়া একত্রে গুড়া করিয়া ৫ গ্রাম তেলে মিলাইয়া মলম তৈরী করিবে। প্রত্যহ ২/৩ বার দাদ চুলকাইয়া মলম লাগইবে। ৪/৫ দিন এইভাবে ঔষধ লাগাইলে দাদ রোগ ভাল হইবে।

ছুলি বা ছৌদের চিকিৎসা

সোহাগার খৈ চূর্ণ ১০ গ্রাম ও পাতিলেবুর রস ১০ গ্রাম একত্র করিয়া মলম তৈরী করিয়া ছৌদে বা ছুলিতে ২/৩ বার প্রত্যহ লাগইলে ৩/৪ দিনের মধ্যে আরোগ্য হইবে।

অথবা

মসুর ডাল ঘিয়ে ভাজিয়া উহা পিশিয়া একটু দুধের সহিত মিলাইয়া মলম তৈরী করিয়া প্রত্যহ ২/৩বার লাগাইবে। ৪/৫ দিনের ভিতরে ছৌঁদের দাগ মিলাইয়া যাইবে।

ধ্বজ ভঙ্গের চিকিৎসা

আফ্লা শিমুল গাছের মূলের ছাল ছায়ায় শুকাইয়া ৫০ গ্রাম চূর্ণ করিয়া মধুর সহিত মিলাইয়া ২০টা বড়ী বানাইয়া প্রত্যহ সকালে ঠাণ্ডা পানিসহ সেবন করিলে ধ্বজভঙ্গ রোগ আরোগ্য হইবে।

ব্রনের চিকিৎসা

পুরাতন ঘিয়ের সহিত কর্পূর মিশ্রিত করিয়া অল্প গরম করিয়া ব্রনে লাগাইলে ৪/৫ দিনের ভিতরে ভাল হইয়া যায়। অথবা গোলমরিচ পিশিয়া পানিতে মিলাইয়া প্রলেপ দিলে ৪/৫ দিনের ভিতরে ব্রন ভাল হইয়া যাইবে।

বিভিন্ন লতাপাতা, ফল ও গাছের সাহায্যে বহুবিধ রোগের চিকিৎসা

দেবদারু

আমাশয়, শোথ কিংবা রক্তদোষে– দেবদারুর কাথ সেবনে উপকার পাওয়া যায়।

প্রমেহে– দেবদারু গাছের ছালের রস মিছরির সরবত সহযোগে পান করলে সুফল পাওয়া যায়।

চুলকানি হলে– দেবদারু গাছের ছালের গুড়া সরষের তেল সহ মিশ্রিত করে মর্দন করতে হবে।

কাশিতে– দেবদারু ছালের গুড়া মধু সহ সেব্য।

ধুতুরা

গলা ফুললে, দাঁতের গোড়া ফুললে, কর্ণমুল ফুললে– ধুতুরা পাতার রস সামান্য আফিং মিশ্রিত করে লাগালে উপকার পাওয়া যায়।

চোখের তারা ছোট হয়ে এলে– ধুতুরা পাতার রসের দ্বারা চোখের চারদিকে প্রলেপ দিতে হবে।

ফোঁড়ায়– ধুতুরা পাতার রস গব্যঘৃত সহ মিশ্রিত করে প্রলেপ দিতে হবে।

শ্বাসকষ্ট হলে– শুষ্ক ধুতুরার পাতা ও ডাঁটা কলিকায় অগ্নি সংযোগে তামাক সেবনের ন্যায় সেবন করা বিধেয়।

কৃমিতে– এক ফোঁটা ধুতুরা পাতার রস একগ্লাস ঘোল সহ খাওয়ালে উপকার পাওয়া যায়।

নিসিন্দা

দেহের কোন স্থানে ফুললে– নিসিন্দা পাতা আগুনে সেঁকে লাগালে ফুলো কমে ও বেদনার উপশম হয়।

পালা জ্বরে– নিসিন্দা পাতা থেতো করে মাঝে মাঝে শুকলে জ্বর আরোগ্য হয়।

নিম

বসন্তের গুটি– নিমপাতা ও কাঁচা হলুদ পেষণ পূর্বক প্রলেপ দিলে শুকিয়ে যায়।

খোস পাঁচড়ায়– নিমপাতার জলে গা ধুইয়ে কাঁচা হলুদ সহ নিমপাতা বেটে লাগালে নিরাময় হয়।

জ্বর, কাশি ও পিত্ত ঘটিত দোষে– নিমের ক্বাত সেবনে প্রভূত উপকার পাওয়া যায়।

ফোঁড়া পেকে ফেটে গেলে– নিমপাতা গব্যঘৃত সহ বেটে প্রলেপ লাগালে ফোঁড়া শুকিয়ে যাবে।

পদ্ম

মুখ দিয়ে রক্ত উঠলে– পদ্মের কচি পাতার রস সেবনে উপকার পাওয়া যায়।

Scanned by CamScanner

মূত্রকৃচ্ছ্র বা মুত্ররোধে– পদ্মের কচি পাতার রস একতোলা পরিমাণ সেবন বিশেষ সুফল লাভ হয়।

অর্শ রোগে– পদ্মের কচি পাতার রস, মাখন ও চিনি সহযোগে সেবন করলে রোগ আরোগ্য হয়।

দাহ রোগে– পদ্মের কচি পাতা ও পদ্মফুল একত্রে বেটে মর্দন করলে উপকার পাওয়া যায়।

ফলতা

কাশ, কৃমি ও জ্বর নাশক।

পিত্তদোষ বা পিত্তজ্বর– ধনে পলতার জল প্রত্যহ সেবনে প্রশমিত হয়।

পানড়ী

ফোড়া হ'লে– পানড়ী পাতা জলে ভিজিয়ে পাতার সোজা দিকটা ফোঁড়ার ওপর বসালে ফোঁড়া সহজেই পাকে।

পালতে মাদার

কৃমিরোগে– আধ তোলা পরিমাণ পালতে মাদারের রস সেব্য।

ফোঁড়া হ'লে– পালতে মাদারের পাতা আগুনে সেঁকে ফোঁড়ার ওপর বসালে–ফোঁড়া বসে যায়।

পুঁই শাক

রাতের অনিদ্রায়– পুঁইশাকের পাতার রস সেবনে উপকার পাওয়া যায়।

মেহ বা প্রমেহ– পুঁই পাতার ক্বাথ চিনি সহ সেব্য।

পেটে বায়ু জমলে বা রক্তপিত্ত রোগে পুঁই পাতার ঝোল বিশেষ উপকারী। পুঁইশাক নিদ্রাজনক, বলকারক ও শুক্রবর্ধক।

পিড়িং শাক

চুলকন, রক্তদোষ বা ব্রণে– পিড়িং শাকের ক্বাথ সেবনে উপকার পাওয়া যায়।

কুষ্ঠ রোগে– পিড়িং শাকের ঝোল নিয়মিত সেবনে সুফল লাভ হয়। দেহের কোন রূপ বিষক্রিয়া প্রকাশ পেলে–পিড়িং শাকের রস তৎক্ষণাৎ পান করলে বিষক্রিয়া প্রশমিত হয়।

পুনর্ণবা

শ্বেতপুনর্ণবা– নিয়মিত ঘৃত বা দুগ্ধ সহ সেবনে বললাভ হয়।

বেরি বেরি হ'লে– পুনর্ণবার রস সেবনে উপকার পাওয়া যায়।

শোথ রোগ, পাণ্ডু রোগে ও রক্তপ্রদরে– শ্বেত পুনর্ণবার রস মধুসহ সেবনে

আরোগ্য লাভ হয়।

পেটারী

গোধ হ'লে– পেটারী মুলের ছাল ও হরিতাল জল সহ বেটে প্রলেপ লাগালে উপকার পাওয়া যায়।

কোন স্থান কেটে গেলে– পেটারী পাতার রস লাগালে রক্ত পড়া বন্ধ হয়।

দগ্ধস্থানে– পেটারী পাতার রস লাগালে যন্ত্রণার উপশম হয়।

বচ

বচের মুল– গ্রন্থি, গলাব্যথা ও কাশির ঔষধে ব্যবহার হয়।

বচ– মুত্র বৃদ্ধি কারক ও কোষ্ঠ পরিস্কারক।

বহেড়া

শুক্র রোগে– অর্থাৎ চোখের তারায় সাদা দাগ দৃষ্ট হ'লে– বহেড়ার শাঁস মধু সহ বেটে চোখে কাজলের ন্যায় লাগালে উপকার পাওয়া যায়।

চুল উঠতে থাকলে– বহেড়ার ক্বাথ নারকেল তেল ও মেথি সহ মিশিয়ে মাখলে চুল ওঠা বন্ধ হয় ও নতুন চুল গজায়।

শ্বাসদোষেএবংকাশিতে– বহেড়াচূর্ণ মধু সহযোগে সেবনে উপকার পাওয়া যায়।

স্বরভঙ্গহ'লে– বহেড়াচুর্ণ গব্যঘৃত সহ সেবনে সুফল পাওয়া যায়।

বকুল

দাঁতের গোড়া কন্ কন্ করলে– বকুলের বীচি কিংবা ফল জলসহ সিদ্ধ করে, সেই জল কুলকুচা করলে কনকনানি বন্ধ হয়।

বোলতা, ভীমরুল, বিছা, মৌমাছি প্রভৃতি কামড়ালে– বকুল বীচি চন্দনের মতো ঘষে–সেই ঘষা দষ্ট স্থানে লাগালে যন্ত্রণার উপশম হয়।

কৃমি রোগে– বকুল ছালচুর্ণ মধু সহযোগে সেবনে বিশেস উপকার পাওয়া যায়।

বটগাছ

ধাতু দৌর্বল্যে– বটের দশ ফোঁটা আঠা মধুসহ একসপ্তাহ সেবনে ধাতু দৌর্বল্য নিবারিত হয়।

যোনি দোষে– বটের ঝুরি আধতোলা পরিমাণ গাদা পাতার রস ও মধু মিশ্রিত করে বেটে খেলে আরোগ্য হয়।

মেহ হলে– বাতাসায় দশ ফোটা বটের আঠা নিক্ষেপ করে বাতাসাটি সেব[ন] করলে সুফল পাওয়া যায়।

অতিসার রোগে– চার আনা পরিমাণ বটের কলি তালমিশ্রি ও চাল ধো[য়া]

জল সহ বেটে সেবন রোগ নিরাময় হয়।

খোসপাঁচড়ায়– বটের কলি বেটে প্রলেপ লাগালে উপকার পাওয়া যায়।

বাসক

সর্দি কাশিতে– বসাক প্রভুত উপকারী। কাশরোগে বাসক ধন্বন্তরি বাসক পাতার রস আগুণে জ্বার দিয়ে মধু সহ সেবনে সর্দি-কাশি নিরাময় হয়।

অন্নপিত্তে– বাসক পাতা ও ফুলের রস চিনিসহ সেবনে বিশেষ উপকার পাওয়া যায়।

জ্বরে এবং অত্যন্ত পিপাসা ভাব বিদ্যমান থাকলে, পুরনো শ্বাস ও কাশরোগে– এক আনা পরিমাণ বাসক গাছের ত্বকচুর্ণ মধু সহ লেহন পূর্বক সেবনে বিশেষ উপকার লাভ হয়।

প্রমেহ রোগে– দুই আনা পরিমাণ বাসকচুর্ণ সেবনে রোগ নিবারিত হয়।

কুষ্ঠ ও ক্ষয় রোগে– বাসকের ক্কাথ মধু সহ নিয়মিত সেবনে সুফল পাওয়া যায়।

বাবলা

যে কোন ঘা– বাবলা ছাল সিদ্ধ করে- সেই জল দ্বারা ধৌত করলে সত্বর শুকিয়ে যায়।

পেটের অসুখে বা অতিসারে– বাবলার কচিপাতা বেটে জল সহ সেবনে উপকার পাওয়া যায়।

প্রমেহ– বাবলার বাসি আঠা মধু সহ সেবনে রোগ নিবারিত হয়।

বামুনহাটী

দাহ– বামুনহাটির পাতার রস মর্দনে দাহ নিবারিত হয়

কুরণ্ডে– বামুনহাটির ছাল যবের মাড়সহ পেষণ করে লাগালে-কুরণ্ড নিবারিত হয়।

গণ্ডমালা বা শোথ– বামুনাহাটী গাছের ছালের মালা পরলে প্রশমিত হয়।

বেল

পাকা বেল– অগ্নি মান্দ্যকর। কচিবেল ধারক, ক্ষুধাবৃদ্ধিকারক, কফ ও বায়ু নাশক।

কয়েত বেল– **বায়ু, পিত্ত, পিপাসা ও হিক্কানাশক। আমাশয়, অম্বল ও অজীর্ণ রোগে**– কাঁচা বেল পোড়া বিশেষ উপকারী।

প্রলাপ বা ভুল বকলে– বেলপাতা বেটে মাথায় প্রলেপ দেওয়া বিধেয়।

পাকা বেল ভক্ষণে কোষ্ঠ পরিষ্কার হয়। তবে পাকা বেল বেশী খেলে

ক্ষুধামান্দ্য হয়।

অত্যন্ত বমিভাব থাকলে– বেলগাছের শিকড়ের ক্কাথ সেবনে বমিভাব প্রশমিত হয়।

বেণা

জ্বরে এবং মূত্র কৃচ্ছে– বেণার মূলের ক্কাথ সেবনে বিশেষ উপকার পাওয়া যায়।

বমনে বা ব্রণে– বেণার মুলের ক্কাথ বিশেষ উপকারী।

বেণার মূলসিদ্ধ জল সেবনে কফ, তৃষ্ণা ও পিত্ত প্রশমিত হয়।

ব্রাহ্মীশাক

বাচ্চাদের বুকে সর্দি বসে গেলে– বিনা জলে ব্রাহ্মী শাক থেঁতো করে রস বের করে তৎসহ মাষকলাই ও সরষের তেল মিশিয়ে বুকে মালিশ করলে বিশেষ উপকার পাওয়া যায়।

বাচ্চাদের সর্দি হ'লে– আধতোলা পরিমাণ ব্রাহ্মীর রসে মধু মিশিয়ে খাওয়ালে কফ নিঃসারিত হয়।

বৃহতী

সন্নিপাত জ্বরে– বৃহতী ফলের বীজচূর্ণের সঙ্গে সম পরিমাণ কুচ মিশ্রিত করে খাওয়ালে-মুছিত প্রায় অবস্থায় রোগীর চৈতন্য সম্পাদিত হয়।

স্তন্যপান করার পরমুহূর্তেই যে সকল শিশু বমি করে- এক আনা বৃহতী ফলের রসের সঙ্গে মধু ও ঘি মিশ্রিত করে শিশুকে খাওয়ালে বমন নিবারিত হয়।

ভূঁই কুমড়া

স্ত্রীলোকের স্তনে দুগ্ধ হ্রাস পেলে– এক আনা পরিমাণ ভূঁইকুমড়া চূর্ণ পক্ষকাল যাবৎ খাওয়ালে স্তনে পর্যাপ্ত পরিমাণে দুগ্ধ সঞ্চারিত হয়।

পুরুষের বলবৃদ্ধির জন্য চার আনা পরিমাণ ভূঁইকুমড়া চূর্ণ ঘৃত ও মধুসহ নিয়মিত সেব্য।

ভৃঙ্গরাজ

চলতি ভাষায় ভৃঙ্গরাজকে ভীমরাজ বলা হয়। ভৃঙ্গরাজ এক ধরণের ছোট আকারের ওষধি-গাছ।

শূল বেদনায়– আধ ছটাক পরিমাণ তৃঙ্গরাজের রস সৈন্ধব লবণ সহ সেবনে বেদনা উপশম হয়

ভৃঙ্গরাজের রস সৈন্ধব লবনসহ সেবন করলে পরিপাক শক্তিবৃদ্ধি প্রাপ্ত হয়।

ভৃঙ্গরাজের রস তিল বা নারকেল তেলের সঙ্গে মিশিয়ে মাথায় মাখলে মাথা ঠাণ্ডা থাকে এবং চুলের উপকার সাধিত হয়।

মনসা

কানে পুঁজ হ'লে বা কান কট্‌কট্ করলে-মনসা পাতা আগুনে ছেঁকে নিয়ে

Scanned by CamScanner

রস বের করে আলতা গোলার সঙ্গে মিশিয়ে কানে ফোঁটা দিলে- উপকার পাওয়া যায়।

চোখের অসুখ হ'লে-মনসা পাতায় কিছু গাওয়া ঘি মেখে কাজল প্রস্তুত করে- সেই কাজলের অঞ্জন দিলে চক্ষুরোগ নিবারিত হয়।

মহুয়া

মহুয়ার বীজ থেকে যে 'ফুলোয়া' তেল প্রস্তুত হয়- তা চর্মরোগ ও বাতরোগ নিরাময়ের ক্ষেত্রে বিশেষ উপকারী ঐ তেল অনেকে আবার চুলেও মেখে থাকেন- ফুলোয়া তেল মাখলে চুলের উন্নতি ও পুষ্টি হয়।

অর্শে- মহুয়ার ফুল ঘি দিয়ে ভেজে বিশেষ উপকার পাওয়া যায়। মহুয়া ফলের ক্বাথ চর্মরোগ ও চুলকানির উপশম ঘটায় এবং বলকারক। মহুয়ার ফুল থেকে যে সুরা প্রস্তুত করা হয়-তা ক্ষুধাবর্ধক, বলকারক ও পুষ্টিকর।

ময়না ফল

ফোঁড়ার প্রাথমিক অবস্থায় ময়নার ডাল বেটে লাগালে ফোঁড়া মিলিয়ে যায়-কোন চিহ্ন পরিদৃষ্ট হয় না।

মূলা

মূলা কোষ্ঠ পরিস্কারক ও বায়ুনাশক। প্রত্যহ দুই-তিনটি মুলা খেলে দাস্ত হয়ে পেট পরিস্কার হয়।

মুতা

অজীর্ণে গ্রহণী ও যকৃতের গোলযোগে- নাগর মুতা বিশেষ উপকারী।

কাশরোগে- মুতা বিশেষ উপকারে লাগে। পিত্ত বা কফজনিত কারণে কাশ হ'লে মুতার কন্দ গুঁড়া করে, গোল মরিচের গুড়া ও মধু সহ মিশিয়ে-লেহন করে খেলে কাশ রোগ নিবারিত হয়। ঠান্ডা লেগে সর্দি হ'লেও মুতাচূর্ণ সেবনে উপকার পাওয়া যায়।

আমাশয় বা আমায় জনিত পেটের যন্ত্রণায়- একতোলা মুতা ও একখানা ক্ষেতপাপড়া মিশিয়ে প্রত্যহ সকালে সেবন করলে আমাশয় বা আমাশয় জনিত পেটের যন্ত্রণা নিবারিত হয়।

শূল রোগে- চার তোলা মুতা এক সের গো-চনা সহ আগুনে সিদ্ধ করে এক পো থাকতে নামিয়ে নিয়ে-প্রত্যহ সকালে ছেঁকে খেলে শুল রোগ প্রশমিত হয়।

অস্ত্রাঘাতে ক্ষতের সৃষ্টি হ'লে- মুতা ও গব্যঘৃত একসঙ্গে বেটে ঐ স্থানে প্রলেপ দিলে উপকার পাওয়া যায়।

কৃমিতে, মুত্ররোধে, দাহে, জ্বরজনিত কারণে অত্যন্ত তৃষ্ণাভাব বিদ্যমান থাকলে- মুতার ক্বাথ সেবনে সুফল পাওয়া যায়।

প্রসুতির স্তনে দুধ কম থাকলে- সাধারণ মুতা সদ্য তুলে পেষণ করে প্রলেপ

দিলে স্তনে দুগ্ধ সঞ্চারিত হয়।

পুরাতন অতিসারে বা আমাতিসারে- সাধারণ মুতার ক্বাথ ছাগ দুগ্ধ সহ সেবনে বিশেষ উপকার পাওয়া যায়

মুক্তবশী

শিশুদের প্রস্রাব রোধে- মুক্তবশীর পাতা বেটে তলপেটে লাগালে প্রস্রাব সরল হয়।

বাত রোগে- মুক্তবশীর পাতার রসের সঙ্গে সরষের তেল মিশিয়ে মর্দন করলে উপকার পাওয়া যায়।

মেদী পাতা

হাতে বা পায়ে হাজা হ'লে- মেদী পাতার বাটার সঙ্গে কিছু পাল্লা খয়ের মিশিয়ে প্রলেপ দিলে উপকার পাওয়া যায়।

মেহ রোগের প্রথম পর্যায়- মেদী পাতা রাত্রে জলে ভিজিয়ে রেখে পরদিন সকালে সেই জল ছেঁকে নিয়ে-চিনি বা মধু সহ নিয়মিত সেবনে মেহ রোগ আরোগ্য হয়।

রাখাল শশার

ফোঁড়া পাকাতে হ'লেও- রাখাল শশার মূল বেটে প্রলেপ দিলে উপকার পাওয়া যায়।

ইন্দ্রিয় শৈথিল্য- আধ আনা পরিমাণ রাখাল শশার মুল জল সহ বেটে তদ্দারা লিঙ্গ মর্দনে ইন্দ্রিয় শৈথিল্য নিবারিত হয় ।

সন্ধিবাতে- রাখাল শশার মূল বেটে প্রলেপ দিলে উপকার পাওয়া যায়।

কামলা রোগে- এক তোলা রাখাল শশার রস ইক্ষু গুড় সহ সেবনে কামলারোগ আরোগ্য হয়।

কোন স্থানে কাঁটা ফুটলে এবং সেই কাঁটা যদি বের না হয়- তবে রাখাল শশার মূল বেটে সে স্থানের চারিদিকে প্রলেপ লাগালে-স্থানটি পেকে যায় এবং পুঁজের সঙ্গে কাঁটা বেরিয়ে আসে।

গলগণ্ড হ'লে-এক তোলা পরিমাণ রাখাল শশার রস চিনি সহ সেবনে এবং রাখাল শশার মূল বেটে গলগণ্ড স্থলে প্রলেপ দিলে রোগ আরোগ্য হয়।

রেড়ী (এরণ্ড)

মূত্রশুলে- আদার রসসহ পাঁচ ফোঁটা রেড়ীর তেল সেবনে ঘুম থেকে উঠে সেবন করলে কোষ্ঠ সাফ হয়।

কোষ্ঠকাঠিন্যে- দুই তোলা পরিমাণ রেড়ীর তেলে সকালে ঘুম থেকে উঠে সেবন করলে কোষ্ঠ সাফ হয়।

ফোঁড়া হ'লে- রেড়ী বীজের শাঁস বেটে প্রলেপ লাগালে ফোঁড়া সত্বর পেকে যায়।

পেটে কৃমি থাকলে- বেড়ির তেল সেবনে মলের সঙ্গে কৃমি বেরিয়ে আসে।

Scanned by CamScanner

বাত বেদনায়– রেড়ীর তেলের সঙ্গে সৈন্ধবলবণ মিশিয়ে প্রলেপ দিলে উপকার পাওয়া যায়।

শতমূলী

অতিসার রোগে– আধ তোলা পরিমাণ শতমূলী রস মধু সহ সেবনে উপকার পাওয়া যায়।

রক্তদোষ– শতমূলীর মূল থেঁতো করে আধ সের জলে সিদ্ধ করে আধপোয়া থাকতে নামাতে হবে। তৎপরে সেই ক্বাথ ছেঁকে দিনে দু'বার এক ছটাক পরিমাণ সেবন করলে বিশেষ সুফল লাভ হয়।

গুল্মরোগ ও পিত্তদোষ– শতমূলীর রস সেবনে প্রশমিত হয়।

শোথ রোগে–শতমুলী বিশেষ উপকারী। এই রোগে আধ তোলা পরিমাণ শতমুলী চূর্ণ দিনে দু'বার সেবনে রোগ আরোগ্য হয়।

শুক্না

গোদ হ'লে– শুক্নার মূল ব্যবহারে সুফল পাওয়া যায়।

সুষনি শাক

সুষনি শাক– জ্বর,মেহ, কুষ্ঠ, দাহ ও ত্রিদোষ নাশক। অতএব ভাতের সঙ্গে নিয়মিত সুষনি শাক সেবন বিশেষ উপকারী।

শিয়ালকাঁটা

নখকুনি হ'লে– শিয়ালকাঁটার আঠা লাগালে উপকার পাওয়া যায়।

খোস পাঁচড়ায়– শিয়ালকাঁটার বীজ সরষের তেলে ভেজে–সেই তেল খোস পাঁচড়ায় লাগালে সত্বর নিরাময় হয়।

উপদংশ জনিত ক্ষতে– শিয়ালকাঁটার শিকড় চন্দনের মতো ঘষে লাগালে উপকার পাওয়া যায়।

শিউলি(শেফালী)

পিত্তজনিত দোষে বা পিত্তজ্বরে– শিউলি পাতার রস সেবনে উপকার পাওয়া যায়।

শিমুল

শুক্র ক্ষয় হ'লে– শিমুল চারার আধ তোলা পরিমাণ মুল মধু সহ সেবনে শুক্রবৃদ্ধি ঘটে।

রক্তপিত্ত রোগে– চার আনা পরিমাণ শিমুল ফুল চূর্ণ মধু সহ সেবনে উপকার পাওয়া যায়।

কাশিতে– শিমুলের মূল বেটে গোঁড়ায় লেবুর রস মিশিয়ে খেলে কাশি নিবারিত হয়।

কুকুড়ে কামড়ালে– সাতটি করে শিমুলবীচি কলার মধ্যে পুরে সাত দিন খেলে উপকার পাওয়া যায়।

প্রদর রোগে– চার আনা পরিমাণ শিমুল মূল গব্য ঘৃতে ভেজে সৈন্ধব লবণ

ও চাল–ধোয়া জল সহ সেবনে উপকার পাওয়া যায়।

বাত রোগে– শিমুলের ফুল চূর্ণ ও শিমুলের কিছু আঠা মধু সহ সেবনে সুফল লাভ হয়।

ধবল রোগে– শিমুল মূল ও আপাং এর বীজ একত্রে গো চনা সহ বেটে প্রলেপ দিলে উপকার হয়ে থাকে।

সোমরাজ (হাকুজ বীজ)

ঔষধে সোমরাজের বীজেরই ব্যবহার বেশী।

কৃমিরোগে– সোমরাজ বীজচূর্ণ মধু সহ সেবনে কৃমি মরে যায়।

ধবল রোগে– সোমরাজের পাতার রস ব্যবহারে এবং বীজচূর্ণ টাটকা গোমূত্র সহ বেটে ধবল স্থানে লাগালে উপকার পাওয়া যায়।

মেহ রোগে– দু'তোলা পরিমাণ সোমরাজ পাতার রস কাঁচা দুগ্ধ ও চিনি সহ সেবনে রোগ আরোগ্য হয়।

কুষ্ঠ রোগে– দুই আনা পরিমাণ সোমরাজ বীজচূর্ণ কিছু পরিমাণ কৃষ্ণতিল চূর্ণ মিশিয়ে একপক্ষকাল সেবনে কুষ্ঠরোগ আরোগ্য হয়।

আমাশয়– এক আনা পরিমাণ সোমরাজ বীজচূর্ণ দধির সঙ্গে মিশিয়ে সেবন করলে আমাশয় নিবারিত হয়।

সর্দি হ'লে– সোমরাজ পাতার রস সেবনে উপকার পাওয়া যায়।

কাশে ও শ্বাস কষ্টে– এক আনা পরিমাণ সোমরাজ বীজচূর্ণ মধুর সঙ্গে মিশিয়ে লেহন করলে কাশ ও শ্বাস কষ্টের উপশম ঘটে।

সোঁদাল

গরমির ঘা, ছুলি, যক্ষ্মা রোগে, কুষ্ঠে, মুখের ঘা, দাদ–প্রভৃতি রোগে সোঁদাল ব্যবহার বিশেষ উপকার পাওয়া যায়।

সর্পগন্ধা

স্নায়বিক উত্তেজনা বিদূরিত করার জন্যেই সর্পগন্ধার ব্যবহার।

মস্তিষ্ক বিকৃতি, সাপের কামড়, পেটের গোলমাল ও হিষ্টিরিয়া রোগে–সর্পগন্ধার ব্যবহারে বিশেষ সুফল পাওয়া গেছে। সর্পগন্ধা স্নায়বিক উত্তেজনা হ্রাস করে রক্তের উচ্চচাপ কমিয়ে আনে। তবে সর্পগন্ধা খুব বেশী ব্যবহার করলে মাথা ঘোরা, মূর্ছা এবং শ্বাস কষ্ট প্রভৃতি প্রতিক্রিয়া দেখা দেয়।

হরীতকী

হরীতকী সাত প্রকার– তন্মধ্যে বিজয়া হরীতকীর ব্যবহারই ওযুধে বেশী।

চক্ষু রোগে– আওয়া হরীতকী ব্যবহার করা হয়।

ব্রণ ও ক্ষমতাদির ক্ষেত্রে– রোহিনী হরীতকী ব্যবহার করা হয়।

সকল প্রকার রোগে– জীবন্তী হরীতকী ব্যবহার করা যায়।

চূর্ণ হিসাবে– কেতকী হরীতকী ব্যবহার করা হয়।

Scanned by CamScanner

প্রলেপের জন্য— পুতনা হরীতকীই ব্যবহার করা সঙ্গত।

শূল রোগে— এক তোলা হরীতকীর সঙ্গে একতোলা ইক্ষুগুড় মিশিয়ে সেবন করলে উপকার পাওয়া যায়।

চক্ষু রোগে— হরীতকী বেটে-সেই বাটা হরীতকী গব্যঘৃতে ভেজে নিয়ে চোখের চারদিকে প্রলেপ দিলে-চক্ষু রোগের উপশম হয়।

পাথুরি রোগের— হরীতকীর আঁটি দুঁধে সিদ্ধ করে ঐ দুগ্ধ ছেঁকে এক পক্ষ কাল সেবনে পাথুরি রোগ আরোগ্য হয়।

ফোঁড়া বা ব্রণ হ'লে— হরীতকী চন্দনের মতো ঘসে ফোঁড়া বা ব্রণে প্রলেপ লাগালে-ফোঁড়া বা ব্রণ পেকে ফেটে যায়। ক্রমাগত লাগালে পুঁজ বের হয়ে ঘা শুকিয়ে যায়।

অত্যধিক বমিভাব বিদ্যমান থাকলে— হরীতকী চুর্ণ মধূ সহ সেবনে উপকার পাওয়া যায়।

কোষ্ঠবদ্ধতা থাকলে বা দাস্ত পরিস্কার না হলে— উষ্ণজল সহ হরীতকী চুর্ণ বিশেষ উপকার পাওয়া যায়।

বসন্ত রোগের প্রাদুর্ভাবের সময়— হরীতকীর বীজ ছেঁদা করে সুতো দিয়ে হাতে বেঁধে রাখলে রোগাক্রমণের সম্ভাবনা রহিত হয়।

মুত্রাঘাত বা মুত্রকৃচ্ছ রোগে— হরীতকী চুর্ণ হেলেঞ্চা পাতার রস ও চিনি সহ সেবনে রোগ আরোগ্য হয়।

আঙ্গুল হাড়া হ'লে— হরীতকী চন্দনের ন্যায় ঘসে লাগাতে হয়।

হাতিশুঁড়া

চোখ উঠলে— হাতিশুঁড়ার পাতার রস বের করে ছেঁকে নিয়ে, চোখে লাগালে উপকার পাওয়া যায়।

গর্মির ঘায়ে— হাতিশুঁড়ার পাতা বেটে প্রলেপ লাগালে ঘা শুকোয়।

কুচকিতেও মালিশ করিবে। ইহা এক সাপ্তাহ বা দুই সাপ্তাহ ব্যবহার করিবে। আশ্চার্য রকম ফল পাইবে।

সমাপ্ত

Scanned by CamScanner

- বিশ্বের শ্রেষ্ঠ ১০০ শত মুসলিম মনীষী
- বিশ্বের শ্রেষ্ঠ ১০০ শত মনীষী
- সহীহ্ বোখারী শরীফ ৬ খণ্ডে সমাপ্ত
- বার চান্দের খুতবাহ্ নোবাতা
- মোকছুদুল মো'মিনীন বা বেহেশ্‌তের কুন্‌জী ১-১৫খণ্ড
- সহীহ্ বাংলা বোখারী শরীফ হাদীস (একত্রে)
- বেহেশ্‌তী জেওর ১-১১ খণ্ডে
- নূর বঙ্গানুবাদ কোরাআন শরীফ শানে নুসুল ব্যাখ্যা সহ হযঃ মাওঃ আশরাফ আলী থানভী (রহঃ)
- আসল নিয়ামুল কুরআন
- তায্‌কেরাতুল আউলিয়া (অলিদের জীব[illegible]ী)
- কাসাসুল আম্বিয়া ১-২ খণ্ড
- বিশ্ব নবীর (সাঃ) জীবনী
- খোলাফায়ে রাশেদীন বা চারখলিফার জীবনী
- আদিকালের প্রচলিত আয়ুর্ব্বেদ ও কবিরাজী চিকিৎসা শিক্ষা

সোলেমানীয়া বুক হাউস

৭,বায়তুল মোকাররম ,ঢাকা-১১০০

Scanned by CamScanner